# স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

## বাংলা

### সেমেস্টার : ৪ : কোর্স : ৩

### বিশেষ পত্র : লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। একটি ভাদুগানের বিশদ ব্যাখ্যা করে 'ভাদু' গানের বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

২। বাংলা লোকসংগীতের ধারায় 'টুসু' গানের লক্ষণ ও গুরুত্ব আলোচনা করো। ১০

৩। 'ঝুমুর' গানের অঞ্চলগত বৈশিষ্ট্য বিশ্লেষণ করে ঝুমুরের সামগ্রিক পরিচয় দাও। ১০

**একক - ২**

৪। 'গম্ভীরা' পালায় লোকনাট্যের বৈশিষ্ট্য কতখানি লক্ষ করা যায়, তা আলোচনা করো। ১০

৫। 'গম্ভীরা' লোকনাট্যের অনুষ্ঠান পর্যায় সম্পর্কে বিশদ বিশ্লেষণ করো। ১০

৬। 'আলকাপ পালা নাট্য লক্ষণাক্রান্ত'। মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

**একক - ৩**

৭। গুরুসদয় দত্ত রায়বেঁশে নৃত্যের পুনরুদ্ধার করেন। এই ইতিবৃত্ত ক্ষেত্রসমীক্ষার সময় বীরভূম বর্ধমানের রায়বেঁশে শিল্পীরা যেভাবে বিবৃত করেছেন, তার পরিচয় দাও। ১০

৮। যুদ্ধনৃত্য হিসেবে রায়বেঁশে নাচের লক্ষণগুলি বিশ্লেষণ করো। ১০

৯। ছৌ নাচের তিনটি ধারার পরিচয় দিয়ে তিনটি ধারার পার্থক্য আলোচনা করো। ১০

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) ভাদুর মূর্তির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) 'টুসু' শব্দটির উৎপত্তি হয়েছে কোথা থেকে, এমন দুটি শব্দের উল্লেখ করো।

(গ) লোকনাট্যের উদ্ভবের সম্ভাব্য দুটি কারণ লেখো।

(ঘ) পরিশীলিত নাটকের সঙ্গে লোকনাট্যের দুটি পার্থক্য নির্দেশ করো।

(ঙ) কাঠি নাচকে গুরুসদয় দত্ত লোকনৃত্য না বলে কীসের অন্তর্গত করেছেন ? কাঠি নাচের উপজাত আর একটি নাচের নাম লেখো।

(চ) গাজন শব্দের সংস্কৃত উৎস কী ? রণপা নৃত্যের প্রচলন কোথায় সর্বাধিক ?